



শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ গতকাল ঢাকায় কৃষিবিদ ইনস্টিটিউশনে ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সমাবর্তন অনুষ্ঠানে বক্তব্য দেন। ছবি : পিআইডি

ডিআইইউর সমাবর্তনে শিক্ষামন্ত্রী শর্ত পূরণে ব্যর্থরা বেশি দিন চলতে পারবে না

নিজের প্রতিবেদক >

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনো ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি তারা বেশি দিন চলতে পারবে না। কিছু বিশ্ববিদ্যালয় পরিচালনার পরিবেশ ও নির্ধারিত শর্ত পূরণে ব্যর্থ হয়েছে। তারা মুনামফার লক্ষ্য নিয়ে চলতে চায়। নির্দেশনা সত্ত্বেও এখনো নিজের ক্যাম্পাসে না গিয়ে একাধিক ক্যাম্পাসে পাঠদান করছে। অব্যাহত চাপ রেখেও তাদের সঠিক ধারণা আনা কঠিন হয়ে পড়েছে। এ অবস্থায় তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ ছাড়া আর কোনো পথ খোলা নেই।

ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। গতকাল বহুসম্প্রতিবার রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে এই অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ড. আকবর আলি খান। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান। এই অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়টির এক হাজার ৬১১ জন ছাত্র-ছাত্রীকে গ্রাজুয়েট হিসেবে আনুষ্ঠানিক স্বীকৃতি দেওয়া হয়।

বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে শিক্ষামন্ত্রী আরো বলেন, 'সংশ্লিষ্ট সবাইকে ব্যবসা ও মুনামফার চিন্তা ত্যাগ করে জনকল্যাণে,

সেবার মনোভাব ও শিক্ষার জন্য অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান। আপনারা দেশের বাস্তবতা এবং জনগণের আর্থসামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের ভর্তি ও টিউশন ফিসসহ সব ব্যয় একটি সীমারেখা পর্যন্ত রাখতে উদার দৃষ্টিভঙ্গি গ্রহণ করবেন।'

ড. আকবর আলি খান বলেন, 'যারা গ্রাজুয়েট হলো তাদের জীবন চলা নতুনভাবে শুরু হলো। সমাবর্তনের মাধ্যমে তাদের জীবনের সাধনা শুরু হবে। যোগ্যতার মাধ্যমে এই পুনিয়ার আমাদের টিকে থাকতে হবে। এর হাতিয়ার আজকের গ্রাজুয়েটরা। আপনাদের ডেইয়ার আমাদের এগিয়ে যেতে হবে। পরিবর্তনের কথা চিন্তা করতে হবে, সমাজ পরিবর্তনের কথা ভাবতে হবে। আজ যে সনদ হাতে এলো সেটিকে হাতিয়ার হিসেবে ব্যবহার করে এগিয়ে যেতে হবে।'

অধ্যাপক আব্দুল মান্নান বলেন, 'বেশ কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনো বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০ এর সব শর্ত পূরণ করতে পারেনি। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।'

অনুষ্ঠানে আরো বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ডা. মুহাম্মাদ শহীদুল কাদির পাটোয়ারী, ডাইন চেয়ারম্যান ব্যারিস্টার শামীম হাফিজুর পাটোয়ারী, উপাচার্য অধ্যাপক ড. কে এম মোহসীন প্রমুখ।